

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ১২৪ এ,

তারিখঃ ২১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম সীমিত পরিসরে পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবজনিত উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম আগামী ০৫/০৪/২০২১ খ্রি. হতে ১১/০৪/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সীমিত পরিসরে পরিচালিত হবে।

০২। ০৫/০৪/২০২১ খ্রি. তারিখ হতে এফিডেভিটকৃত অতীব জরুরি বিষয়ে রীট, দেওয়ানী ও ফৌজদারী সংক্রান্তে একটি করে ডিভিশন বেঞ্চ এবং কোম্পানী ও অ্যাডমিরালটি সংক্রান্তে একটি বেঞ্চ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে শুধু ভারুয়াল উপস্থিতির মাধ্যমে শুনানি করবেন। সংশ্লিষ্ট আদালত মামলার শুনানির তারিখ ও সময় নির্ধারণ করবেন।

০৩। উক্ত নির্দেশনা আগামী ০৫/০৪/২০২১ খ্রি. তারিখ হতে ১১/০৪/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন : ৯৫১৪৬৪৬


ই-মেইল registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ২৩৪৫

তারিখঃ ২১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধ করা হলো)।
১২. নোটিশ বোর্ড।


(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
হাইকোর্ট বিভাগ